গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
এপিএ সেল
www.rdcd.gov.bd

**বিষয়: মন্ত্রিপরিষদ বিভাগের মন্ত্রণালয়/বিভাগের ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার নির্দেশিকা অনুযায়ী পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ২০২১-২২ এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার চূড়ান্ত অনুমোদনের লক্ষ্যে নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মো: রেজাউল আহসান,<br>সচিব,<br>পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ। |
| সভার তারিখ ও সময় | : | ০২/০৬/২০২১ (বুধবার),দুপুর ১২:৩০ ঘটিকা |
| সভার স্থান | : | সভাকক্ষ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ/জুম প্ল্যাটফর্ম |

**সভার আলোচনা:**

সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভা শুরু করেন। অত:পর তিনি পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের এনআইএস-টিম ফোকাল পয়েন্ট কর্মকর্তা উপসচিব (এপিএ)-কে আলোচনা শুরু করার জন্য নির্দেশনা প্রদান করেন। জনাব ফারহানা হক (এনআইএস) ফোকাল-পয়েন্ট কর্মকর্তা উল্লেখ করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগের গাইড লাইন অনুযায়ী পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ২০২১-২০২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা নৈতিকতা কমিটি কর্তৃক অনুমোদন গ্রহণকরে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য নির্দেশনা রয়েছে। সে অনুযায়ী খসড়া কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। ২০২১-২০২২ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় প্রাতিষ্ঠানিক ব্যবস্থা, আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন, শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম-শীর্ষক ১৭টি ক্ষেত্রে কার্যক্রম নির্ধারণ করা হয়েছে।

০২। কর্মপরিকল্পনার ৩নং ক্রমিকে উল্লিখিত শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দূর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম (অগ্রাধিকার ভিত্তিতে নূন্যতম পাঁচটি কার্যক্রম) কর্মপরিকল্পনার এ বিভাগ কর্তৃক নির্ধারণ করে কর্মপরিকল্পনায় উল্লেখ করার জন্য নির্দেশনা রয়েছে। সে অনুযায়ী কর্মপরিকল্পনার ৩নং ক্রমিক এর জন্য নিম্নলিখিত কার্যক্রম নির্ধারণ করা হয়েছে:

| | |
|---|---|
| ০.৩ | শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দূর্ণীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম ..... ৫টি কার্যক্রম উল্লেখ করতে হবে। |
| ৩.১ | দপ্তর/সংস্থার প্রকল্পসমূহের প্রশিক্ষণ কার্যক্রম যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করার জন্য ভিডিও কনফারেন্সের মাধ্যমে মনিটরিং করা। |
| ৩.২ | গাজীপুর জেলার কালিগঞ্জ উপজেলার সমবায় সমিতিসমূহের কার্যক্রম পরিচালনার গতিশীলতা আনয়ন। |
| ৩.৩ | বিআরডিবি কর্তৃক গাইবান্ধা জেলার সাদুল্যাপুর উপজেলার সমবায়ীদের সাবলম্বী/উদোক্তা সৃজনের কার্যক্রম বাস্তবায়ন নিশ্চিতকরণ। |
| ৩.৪ | গাজীপুর জেলার কালিয়াকৈর উপজেলার ঋণ কার্যক্রমের মাধ্যমে উপকারভোগীদের জীবনমান উন্নয়ন পর্যবেক্ষণ। |
| ৩.৫ | মিল্কভিটা কর্তৃক সিরাজগঞ্জ জেলার বাঘাবাড়ি উপজেলার নিরাপদ তরল দুধ সংগ্রহের বিভিন্ন সমস্যা চিহ্নিতকরণ এবং সমস্যাসমূহ দূরীকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ। |

০৩। সভায় বিস্তারিত আলোচনা শেষে ২০২১-২০২২ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা নৈতিকতা কমিটি কর্তৃক অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

০৪। অনুমোদিত কর্মপরিকল্পনা মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত সময়সীমার (০৩ জুন ২০২১) মধ্যে প্রেরণ নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

০৫। সমাপ্তি: পরিশেষে সভাপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে সততা, দক্ষতা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালনের আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২/৬/২২

মো: রেজাউল আহসান
সচিব
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।